মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২১/১০/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় শিশুদের বিনোদনের জন্য পার্ক নির্মাণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৯/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় শিশুদের বিনোদনের জন্য পার্ক নির্মাণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভা কতৃক জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে বড় একটি চ্যালেঞ্জ হচ্ছে শিশু ও নারীদের জন্য একটি পার্ক তৈরী করা। মেহেরপুরে আজ পর্যন্ত বিনোদনের জন্য কোন পার্ক তৈরী করা সম্ভব হয়নি। এতে করে কোমলমতি শিশু সুষ্ঠ পরিবেশে বেড়ে উঠা থেকে বঞ্চিত হচ্ছে। ইতি পূর্বে বেশ কয়েকটি সভায় এ বিষয়ে আলোচনা হয়েছে এবং মেয়র মহোদয় কথা দিয়েছেন যাতে মেহেরপুরে বিনোদনের জন্য একটি পার্ক নির্মাণ করা যায়। সভাপতি মহোদয় মেয়র মহোদয়ের দৃষ্ঠি আকর্ষন পূর্বক বলে, মেহেরপুরে শিশুদের জন্য কোন পার্ক নির্মাণের চিন্তা আছে কিনা। মেয়র মহোদয় আজকের সভার সভাপাতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় শিশু ও বয়স্কদের জন্য একটি বিনোদন কেন্দ্র তৈরী করা এখন	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	সময়ের দাবি। এটি একটি ঐতিহ্যবাহি ও পুরাতন একটি পৌরসভা এবং একটি জেলা শহর। এখানে একটি শিশু সহ সকলের বিনোদনের জন্য একটি পার্ক থাকা খুবই প্রয়োজন। তিনি বলেন, এ ব্যাপারে তিনি খুবই আন্তরিক। তবে অচিরেই তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের মাধ্যমে মেহেরপুর গড় পুকুরকে কেন্দ্র করে একটি বিনোদন কেন্দ্র স্থাপনের কাজ শুরু হবে। ১২ কোটি টাকার বেশি ব্যয় ধরে ইতি মধ্যে টেন্ডার আহবান করা হয়েছে এবং উহার চুড়ান্ত মুল্যায়নের জন্য আছে। হয়তো কয়েকদিনের মধ্যে এই কাজের শুভ উদ্ভোধন হবে। এটি বাস্তবায়ন হলে আপাতত শিশু পার্কের অভাব কিছুটা পূর্ণ হবে। এই বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাবা মোছাঃ শিউলী খাতুন, মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, বর্তমানে বাংলাদেশে করোনা ভাইরাসের প্রভাবে গোটা সমাজ বিপর্যস্ত। এই করোনা ভাইরাস থেকে মুক্তি পেতে আমাদের সব থেকে প্রয়োজন সচেতনতা। এই সচেতনতার জন্য আমাদের কি করনীয় হবে? মেয়র মহোদয় বলেন, করোনা ভাইরাসের প্রদুর্ভাবে জাতি আজ বিপর্যস্ত। এই ভাইরাস থেকে মুক্তি পেতে আমাদের স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে চলতে হবে। তিনি বলেন পৌরসভা হতে প্রথম থেকে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শহরের বিভিন্ন স্থানে সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। অসহায় ও গরীবদের যারা করোনার কারণে কাজ হারিয়েছেন, তাদের মধ্যে আর্থিক ও খাদ্য সহায়তা দেওয়া হয়েছে। বিভিন্ন রকম প্রচারণা চালানো হয়েছে। উঠান বৈঠকে সচেতনতা মূলক প্রচারণা করা হচ্ছে। বিনা মূল্যে মাস্ক বিতরণ করা হচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ঠ সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/১০/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	21.10.20
৮	মোঃ আমিরুল ইসলাম	CDA (UGIIP-III)	
৯			